

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৫০৬  
খোয়াই, ২ নভেম্বর, ২০২৩

### খোয়াই পুর পরিষদের সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভা

খোয়াই পুর পরিষদের কনফারেন্স হলে গতকাল খোয়াই পুর পরিষদের সংস্কৃতি ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন স্থায়ী কমিটির সভাপতি পীযুষ কান্তি চৌধুরী। সভায় শারদ সন্মান প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় সিদ্ধান্ত নেওয়া হয় আগামী ১০ নভেম্বর খোয়াই নতুন টাউনহলে খোয়াই পুর পরিষদের উদ্যোগে শারদ সন্মান অনুষ্ঠানের আয়োজন করা হবে। সভায় উপস্থিত ছিলেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবশীষ নাথশর্মা, ভাইস চেয়ারপার্সন নিবাস সাহা, স্থায়ী কমিটির সদস্য উষারানী সিনহা, পূজা দাস, প্রীতি চন্দ মজুমদার, রুমা ধর প্রমুখ। সভায় স্থায়ী কমিটির সভাপতি পীযুষ কান্তি চৌধুরী বলেন, জাতি ও জনজাতি উভয় অংশের মিলনমেলা শারদ উৎসব এবছর সুষ্ঠু ও শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন হয়েছে।

\*\*\*\*\*